

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং : ৩৪.০১.০০০০.০২৭.৩৮.২৮২.১৭-৯৬৬,

তারিখ : ০৫/৬/২০১৭


বিষয়ঃ “আত্মকর্মে থেকে উদ্যোক্তা” বিষয়ক প্রশিক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণসমূহকে আরো কর্মমুখী ও বাস্তবানুগ করার প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। তারই অংশ হিসেবে আত্মকর্মে থেকে উদ্যোক্তা তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে “আত্মকর্মে থেকে উদ্যোক্তা” বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

সংযুক্ত নির্দেশনা মোতাবেক “আত্মকর্মে থেকে উদ্যোক্তা” বিষয়ক একটি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে- ০২ পাতা।

প্রাপক,

  
(খন্দকার মোঃ রশিদুল ইসলাম)  
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(২৩ জেলা)।

০২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র----- (০৬ কেন্দ্র)

অনুলিপি বিতরণ :

০১। পরিচালক, .....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

✓ ০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪। অফিস কপি।

- কোর্সের শিরোনাম “আত্মকর্মী থেকে উদ্যোক্তা”
- মেয়াদ ১০ দিন (কার্যকরী দিবস : ০৯ দিন ও সাপ্তাহিক ছুটি : শুক্রবার ০১ দিন)
- আসন সংখ্যা ৩০জন
- কোর্সের ধরণ অনাবাসিক
- অধিবেশন সংখ্যা মোট ৪৫টি (প্রতিদিন ০৫টি, প্রতিটি ০১ ঘন্টা)  
রিসোর্স পার্সনঃ (১২টি অধিবেশন)  
(জেলা কার্যালয়ের ক্ষেত্রেঃ প্রধান কার্যালয়ের কর্মকর্তা/উপ-পরিচালক/সহকারী পরিচালক/সিনিয়র ইন্সট্রাক্টর/ ইন্সট্রাক্টর)  
(যুব প্রশিক্ষণ কেন্দ্রের ক্ষেত্রেঃ প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর/ সিনিয়র ইন্সট্রাক্টর/সিডিও)  
রিসোর্স পার্সনঃ (৩৩টি অধিবেশন)  
(চেয়ারস অব কমার্স/বিনিয়োগ বোর্ড/এসএমই ফাউন্ডেশন/বিসিক/ব্যাংক বা সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী এনজিও কর্মকর্তা )
- অধিবেশন সময় সকাল ১০.০০টা থেকে বিকাল ৩.৩০
- প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল ক) তাত্ত্বিক  
খ) ব্যবহারিক  
গ) প্রশিক্ষার্থীর প্রত্যাশা নির্ণয়  
ঘ) ক্লাশগুলোকে অংশগ্রহণমূলক করা  
ঙ) ছবি ও চার্ট প্রদর্শন  
চ) কেইস স্টাডি  
ছ) সফল উদ্যোক্তা কর্তৃক পরামর্শ প্রদান  
জ) সফল উদ্যোক্তাদের প্রকল্প পরিদর্শন  
ঝ) প্রকল্প পরিদর্শনের পর প্রশিক্ষার্থীদের নিকট থেকে প্রতিবেদন গ্রহণ  
ঞ) প্রকল্প প্রণয়নের উপর প্রতিবেদন তৈরী এবং প্রশিক্ষণ শেষে প্রকল্প শুরু করার সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন
- দল গঠন প্রশিক্ষণ শুরুর প্রথম দিনই প্রশিক্ষার্থীদের ০৫টি দলে ভাগ করতে হবে। প্রতিটি দলের জন্য একজন মেনটর থাকবে যিনি রিসোর্স টিমের যে কোন সদস্য হবেন। মেনটর এর কার্যাবলী :  
১) প্রশিক্ষার্থীদের বাড়ীর কাজ গ্রহণ এবং পরামর্শ প্রদান  
২) মাঠ পরিদর্শনের প্রতিবেদন গ্রহণ এবং বিশ্লেষণ  
৩) বিজনেস প্ল্যান প্রস্তুতিতে প্রশিক্ষার্থীদেরকে সাহায্যকরণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং প্রশিক্ষার্থীদের নিকট থেকে নির্দিষ্ট দিনে চূড়ান্ত উপস্থাপনা গ্রহণ  
৪) সমাপ্তিদিনে প্রশিক্ষার্থীদের নিকট থেকে উদ্যোক্তা সংক্রান্ত ভবিষ্যত পরিকল্পনা (সময়াবদ্ধ) গ্রহণ



- প্রশিক্ষার্থী নির্বাচন পদ্ধতি ও বিবেচ্য বিষয়সমূহ

- ক) অধিদপ্তর কর্তৃক প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত যুবক/যুবনারী
- খ) ঋণ গ্রহণ নির্বিশেষে প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনে দৃশ্যমান সফলতা লাভ করেছে এমন যুব( প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ের পাশাপাশি সম্পর্কিত অন্য কোন প্রকল্পকেও বিবেচনায় নেয়া যাবে)
- গ) সৃজিত আত্মকর্ম প্রকল্পটির বয়স ন্যূনতম ০৩ বছর অতিক্রান্ত এবং পরিদর্শনকালীন প্রকল্পটি পূর্ণমাত্রায় উৎপাদনে থাকবে এবং লাভজনকভাবে পরিচালিত (অর্থাৎ টেকসই হয়েছে) হওয়ার স্বাক্ষর পাওয়া যাবে।
- ঘ) প্রকল্পের মাসিক নীট আয় ন্যূনতম ১০,০০০/- (প্রমানক থাকতে হবে)
- ঙ) প্রকল্পে ন্যূনতম ০২জন পরোক্ষ কর্মী থাকবে(পরিবারের সদস্য বহির্ভূত), প্রমানক থাকতে হবে
- চ) ঋণী বা ঋণখেলাপী হওয়া যাবে না
- ছ) প্রশিক্ষার্থীর বয়স হবে সর্বোচ্চ ৪০ বছর

- অধিদপ্তরের যুব উদ্যোক্তা হিসেবে যিনি বিবেচিত হবেন তাকে/তার

- ক) অধিদপ্তরের উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- খ) প্রকল্প মেয়াদে পূর্বের আত্মকর্ম প্রকল্পটিকে প্রাতিষ্ঠানিক কাঠামোতে রূপ দিতে হবে (ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের সাইনবোর্ড, স্থায়ী জনবল নিয়োগ, একাউন্টস্ কিপিং ও ব্যালেন্সসীট প্রস্তুত ইত্যাদি)।
- গ) প্রতিষ্ঠানে ন্যূনপক্ষে ৪জন নিয়মিত বেতনভূক কর্মী থাকবে।
- ঘ) একাধিক মৌসুমী/খন্ডকালীন কর্মী থাকবে।
- ঙ) প্রতিষ্ঠানের নীট আয় কমপক্ষে মাসিক ৩০,০০০/- হবে।
- চ) উদ্যোক্তার বয়স হবে সর্বোচ্চ ৪০ বছর।

- সনদপত্র

প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রদত্ত নমুনা অনুযায়ী সনদপত্র প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সনদপত্র স্থানীয়ভাবে ছাপিয়ে প্রদানের ব্যবস্থা করতে হবে। সনদপত্রের বাম পাশে সরকারী মনোত্রামের নীচে লেখা থাকবে ক্রমিক নং-যু/উদ্যোক্তা-(সংশ্লিষ্ট জেলার নামের ১ম অক্ষর যেমনঃ রংপুর এর ক্ষেত্রে- র, ময়মনসিংহের ক্ষেত্রে- ম)

- অন্যান্য তথ্য

প্রশিক্ষণ শেষে রিসোর্স টিমের তালিকা ও নিম্নের ছকটি পূরণ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষার্থীর নাম পিতা ও মাতার নাম	মোবাইল নম্বর এবং ইমেইল	চলমান প্রকল্প	উদ্যোক্তা হিসেবে গৃহীতব্য প্রকল্প ও শুরু তারিখ

